

**বিএসএমএমইউর
স্বাধীনতা ও
জাতীয় দিবস
পালন**

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) সোমবার বিভিন্ন কর্মসূচীর মধ্যে দিয়ে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস পালন করেছে। কর্মসূচীর মধ্যে ছিল পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর ম্যুরালে এবং সাভার জাতীয় স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ, ক্যাম্পাসে আলোকসজ্জা, হাসপাতালে রোগীদের উন্নতমানের খাবার পরিবেশন ও বিএসএমএমইউ কেন্দ্রীয় জামে মসজিদে বাদ জোহর বিশেষ মোনাজাত ইত্যাদি।

দিবসটি উপলক্ষে সোমবার সকাল ৬টা ২৫ মিনিটে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের নিজস্ব পতাকা উত্তোলন করা হয়। এরপর সকাল ৬টা ৩০ মিনিটে বিল্ডিংয়ের নিচে স্থাপিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ম্যুরালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ডা. কনক কাউজি বড়ুয়ার নেতৃত্বে উপ-উপাচার্য কোষাধ্যক্ষ ডিন রেজিস্ট্রার প্রক্টর পরিচালক বিভিন্ন বিভাগের চেয়ারম্যান অফিস প্রধান শিক্ষক ছাত্রছাত্রী চিকিৎসক কর্মকর্তা নার্স মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দ পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় বিএসএমএমইউ উপাচার্য অধ্যাপক ডা. কনক কাউজি বড়ুয়াসহ অধ্যাপক ডা. মোঃ শাহীদুল্লাহ সিকদার, অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোডেল, অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, অধ্যাপক ডা.

অসীম রঞ্জন বড়ুয়া, অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, অধ্যাপক ডা. এবিএম আশুল হান্নান, অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, অধ্যাপক ডা. মোঃ জুলফিকার রহমান খান, অধ্যাপক ডা. মোঃ আসাদুল ইসলাম, অধ্যাপক ডা. নকুল কুমার দত্ত, অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, ডা. জামাল উদ্দিন খলিফা, ডা. একেএম সালেহ, মোঃ আবদুস সোবহান, এ আর আজিমুল হক রায়হান, স্বাধীনতা চিকিৎসক পরিষদ (ছাচিপ), অধ্যাপক ডা. হারিসুল হক, অধ্যাপক ডা. এ এইচ এম জহরুল হক সাকু, অধ্যাপক ডা. সৈয়দ মোজাফফর আহমেদ, অধ্যাপক ডা. এসএম মোস্তফা জামান, ডা. মোঃ আবু তাহের, অধ্যাপক ডা. জিল্লুর রহমান হুইয়া, অধ্যাপক ডা. তৌহিদ মোঃ সাইফুল ইসলাম দিপু, সহযোগী অধ্যাপক ডা. বিজয় কুমার পাল, সহযোগী অধ্যাপক ডা. কেএম তারিকুল ইসলাম, সহকারী অধ্যাপক ডা. ইন্দ্রজিৎ কুমার কুড়ু ও সাল্লানা রানী দাস প্রমুখ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধুর ম্যুরালে বিএসএমএমইউ শিক্ষক সমিতি, ছাচিপ-বিএসএমএমইউ শাখা, বিএসএমএমইউ অফিসার এ্যাসোসিয়েশনের পক্ষ থেকেও পুষ্পস্তবক অর্পণ করা হয়। পরে সকাল ৮টা ৩০ মিনিটে বিএসএমএমইউ উপাচার্য অধ্যাপক ডা. কনক কাউজি বড়ুয়ার নেতৃত্বে সাভার জাতীয় স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করা হয়। এর আগে গণহত্যা দিবস উপলক্ষে ২৫ মার্চ রবিবার রাত ৯টা থেকে ৯টা ১ মিনিট পর্যন্ত হাসপাতাল ছাড়া অন্যান্য ভবনে সব আলো নিভিয়ে দাঁড়িয়ে ১ মিনিট নীরবতা পালন করা হয়।

-বিজ্ঞপ্তি